# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯

Website: **(http://admission.cu.ac.bd)**

২০১৫ বা ২০১৬ সালের মাধ্যমিক বা সমমান এবং ২০১৮ সালের উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মধ্যে যারা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ইউনিট/উপ-ইউনিট ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত শর্ত পূরণ করেছে সে সকল ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কাছ থেকে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে। ভর্তি প্রার্থীদের ইন্টারনেটের সুবিধা সম্বলিত কম্পিউটার থেকে Chittagong University Admission Website: (http://admission.cu.ac.bd) এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। ইউনিট/উপ-ইউনিট প্রতি আবেদন ফি ৪৭৫/- (চারশত পঁচাত্তর) টাকা এবং প্রসেসিং ফি [অনলাইন, Payment ও SMS Gateway সার্ভিস চার্জ এবং Board Data চার্জ বাবদ ৭৫/- (পঁচাত্তর) টাকা] প্রযোজ্য হবে।

নির্ধারিত আবেদন ফি **'বিকাশ/রকেট'** মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দেয়া যাবে।

১। **আবেদন গ্রহণ ও আবেদন ফি জমাদানের তারিখঃ** ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদন ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখ (বৃহস্পতিবার) সকাল ১১:০০ টা থেকে ০৬ অক্টোবর ২০১৮ তারিখ (শনিবার) রাত ১১:৫৯ টা পর্যন্ত অনলাইনে করা যাবে। ০৭ অক্টোবর ২০১৮ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত **'বিকাশ/রকেট'** মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ইউনিট/উপ-ইউনিট প্রতি নির্ধারিত আবেদন ফি জমা দেয়া যাবে।

২। **ভর্তির যোগ্যতাঃ** যে সকল ছাত্র-ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের অধীনে ২০১৫ বা ২০১৬ সালের মাধ্যমিক বা সমমান পরীক্ষা এবং ২০১৮ সালের উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং যাদের নিম্নেবর্ণিত যোগ্যতা ও ভর্তি নির্দেশিকায় উল্লিখিত সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/ইনস্টিটিউটে ভর্তির যোগ্যতা আছে তারা ভর্তি পরীক্ষায় অংগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। উল্লেখ্য যে, ২০১৮ সালের উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় (মান উন্নয়ন) অংশগ্রহণকৃত পরীক্ষার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার ফলাফলে মান উন্নয়ন হলে তারা আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।

**A ইউনিট (বিজ্ঞান অনুষদভুক্ত সকল বিভাগ/ইনস্টিটিউট, জীববিজ্ঞান অনুষদভুক্ত সকল বিভাগ , ইঞ্জিনিয়ারিং অনুষদভুক্ত সকল বিভাগ এবং মেরিন সায়েন্স অ্যান্ড ফিশারিজ অনুষদভুক্ত সকল বিভাগ/ইনস্টিটিউট)**: যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের অধীনে ২০১৫ বা ২০১৬ সালের মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ২০১৮ সালের বিজ্ঞান/কৃষি বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৭.০০ পেয়েছে; তবে যাদের উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.২৫ রয়েছে তারা A ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।

**B ইউনিট [কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত সকল বিভাগ/ইনস্টিটিউট** (নাট্যকলা বিভাগ, চারুকলা ইনস্টিটিউট ও সংগীত বিভাগ ব্যতিত)] : যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ড এর অধীনে ২০১৫ বা ২০১৬ সালের মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ২০১৮ সালের বিজ্ঞান/কৃষি বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.৫০ পেয়েছে; তবে যাদের উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ রয়েছে; অথবা একই সালের মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.০০ পেয়েছে; তবে যাদের উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ২.৫০ রয়েছে;

**অথবা** একই সালের মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ব্যবসায় শিক্ষা/সমমান শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.৫০ পেয়েছে; তবে যাদের উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ রয়েছে তারা B ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।

**B1 উপ-ইউনিট (কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত নাট্যকলা বিভাগ, চারুকলা ইনস্টিটিউট ও সংগীত বিভাগ):** যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ড এর অধীনে ২০১৫ বা ২০১৬ সালের মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ২০১৮ সালের বিজ্ঞান/কৃষি বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.৫০ পেয়েছে; তবে যাদের উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ রয়েছে; **অথবা** একই সালের মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.০০ পেয়েছে; তবে যাদের উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ২.৫০ রয়েছে; **অথবা** একই সালের মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ব্যবসায় শিক্ষা/সমমান শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.৫০ পেয়েছে; তবে যাদের উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ রয়েছে তারা B1 উপ-ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।

**C ইউনিট (ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত সকল বিভাগ):** যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের অধীনে ২০১৫ বা ২০১৬ সালের মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ২০১৮ সালের ব্যবসায় শিক্ষা শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৭.৫০ পেয়েছে; তবে যাদের উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ রয়েছে; **অথবা** একই সালের মাধ্যমিক বা সমমান পরীক্ষা এবং হিসাব বিজ্ঞানসহ ডিপ্লোমা ইন কমার্স/ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ/ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৭.৫০ পেয়েছে; তবে যাদের উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ রয়েছে তারা C ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।

**D ইউনিট (সমাজ বিজ্ঞান অনুষদভুক্ত সকল বিভাগ, আইন অনুষদভুক্ত আইন বিভাগ, ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত সকল বিভাগ এবং জীববিজ্ঞান অনুষদভুক্ত ভূগোল ও পরিবেশবিদ্যা এবং মনোবিজ্ঞান বিভাগ) :** যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের অধীনে ২০১৫ বা ২০১৬ সালের মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ২০১৮ সালের যে কোন শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.৫০ পেয়েছে; তবে যাদের উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ রয়েছে তারা D ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। **তবে নিম্নে উল্লিখিত অনুষদ ভিত্তিক ন্যূনতম যোগ্যতাও প্রযোজ্য হবে।**

i) যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের অধীনে ২০১৫ বা ২০১৬ সালের মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ২০১৮ সালের বিজ্ঞান/কৃষি বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা/ব্যবসায় ব্যবস্থাপনা/অর্থনীতি বিষয়সহ গার্হস্থ্য অর্থনীতি শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.৫০ পেয়েছে; তবে যাদের উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ রয়েছে তারা সমাজ বিজ্ঞান অনুষদভুক্ত সকল বিভাগে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।

ii) যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের অধীনে ২০১৫ বা ২০১৬ সালের মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ২০১৮ সালের যে কোন শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৭.০০ পেয়েছে; তবে যাদের উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.২৫ রয়েছে তারা আইন অনুষদভুক্ত আইন বিভাগে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।

iii) যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের অধীনে ২০১৫ বা ২০১৬ সালের মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ২০১৮ সালের বিজ্ঞান/কৃষি বিজ্ঞান/মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৭.৫০ পেয়েছে; তবে যাদের উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ রয়েছে তারা ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত সকল বিভাগে (বিজ্ঞান ও মানবিক গ্রুপ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।

**অথবা**

যে সকল ছাত্র/ছাত্রী ২০১৫ বা ২০১৬ সালের মাধ্যমিক বা সমমান পরীক্ষা এবং ২০১৮ সালের হিসাব বিজ্ঞান ব্যতিত ডিপ্লোমা ইন কমার্স /ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ/ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৭.৫০ পেয়েছে; তবে যাদের উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ রয়েছে তারা ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত সকল বিভাগে (বিজ্ঞান ও মানবিক গ্রুপ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।

iv) যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের অধীনে ২০১৫ বা ২০১৬ সালের মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ২০১৮ সালের মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.৫০ পেয়েছে; তবে যাদের উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ রয়েছে তারা জীববিজ্ঞান অনুষদভুক্ত ভূগোল ও পরিবেশবিদ্যা এবং মনোবিজ্ঞান বিভাগে (মানবিক গ্রুপ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।

**D1 উপ-ইউনিট (শিক্ষা অনুষদভুক্ত ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগ):** যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের অধীনে ২০১৫ বা ২০১৬ সালের মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ২০১৮ সালের যে কোন শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.০০ পেয়েছে; তবে যাদের উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ২.৫০ রয়েছে তারা শিক্ষা অনুষদভুক্ত ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগে (D1 উপ-ইউনিট) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।

**৩। GCE (O Level & A Level) ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং সমমানের বিদেশী সার্টিফিকেটধারীদের ক্ষেত্রেঃ**

যে সকল ছাত্র/ছাত্রী ২০১৫ সালের বা তৎপরবর্তী সালের জিসিই 'ও' লেভেল পরীক্ষায় ন্যূনতম ২টি বিষয়ে 'বি' গ্রেড ও ৩টি বিষয়ে 'সি' গ্রেড পেয়েছে এবং ২০১৮ সালের জিসিই 'এ' লেভেল (বিজ্ঞান শাখা) পরীক্ষায় ন্যূনতম ১টি বিষয়ে 'বি' গ্রেড ও ২টি বিষয়ে 'সি' গ্রেড পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা A, B (B1 উপ-ইউনিটসহ) এবং D ইউনিট (ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত বিভাগ ব্যতিত) ও D1 উপ-ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। একই যোগ্যতা নিয়ে ২০১৮ সালের জিসিই 'এ' লেভেল (বাণিজ্য শাখা) পরীক্ষায় যারা উত্তীর্ণ হয়েছে তারা B (B1 উপ-ইউনিটসহ) এবং D (D1 উপ-ইউনিটসহ) ইউনিট এর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। তবে C ইউনিট এবং D ইউনিটের অন্তর্গত ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত সকল বিভাগ (বিজ্ঞান ও মানবিক গ্রুপ) এর ক্ষেত্রে ২০১৫ সালের বা তৎপরবর্তী সালের জিসিই 'ও' লেভেল পরীক্ষায় ন্যূনতম ২টি বিষয়ে 'বি' গ্রেড ও ৩টি বিষয়ে 'সি' গ্রেড এবং ২০১৮ সালের জিসিই 'এ' লেভেল (বাণিজ্য/বিজ্ঞান শাখা) পরীক্ষায় ন্যূনতম ২টি বিষয়ে 'বি' গ্রেড ও ১টি বিষয়ে 'সি' গ্রেড পেয়ে উত্তীর্ণ হতে হবে।

GCE (O Level & A Level) অথবা সমমানের বিদেশী সার্টিফিকেটধারী আবেদনকারীকে Equivalence করার জন্য ইঞ্জিনিয়ারিং অনুষদ অফিসে তার গ্রেডশীট/মার্কশীটসমুহের ফটোকপিসহ আবেদন করতে হবে এবং রেজিস্ট্রার, চ.বি. এর বরাবর অগ্রণী ব্যাংক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা থেকে সংগৃহীত ১০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার সমতা নিরূপন ফি হিসেবে প্রদান করতে হবে। সমতা নিরূপনের পর আবেদনকারীকে একটি সমতা নিরূপন সনদপত্র প্রদান করা হবে এবং উক্ত সনদপত্রে Equivalent ID উল্লেখ থাকবে।

GCE (O Level & A Level) ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং বিদেশী সার্টিফিকেটধারী আবেদনকারীদের সমতা নির্ধারণ কমিটি কর্তৃক প্রদত্ত Equivalent ID মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক রোল নম্বরের স্থানে ব্যবহার করে যথাযথ নিয়মে 'বিকাশ/রকেট' মোবাইল

ব্যাংকিং এর মাধ্যমে নির্ধারিত আবেদন ফি জমা দিতে হবে।

**এছাড়াও প্রার্থী যে বিভাগ/ইনস্টিটিউটে ভর্তি হতে ইচ্ছুক তাকে ভর্তি নির্দেশিকায় প্রতি ইউনিট/উপ-ইউনিটের ৩নং ক্রমিকে উল্লিখিত ঐ বিভাগ/ইনস্টিটিউটের জন্য নির্ধারিত যোগ্যতা ও শর্ত পূরণ করতে হবে।**

**৪। কোটায় ভর্তির যোগ্যতাঃ** এ বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে সাধারণ আসন ছাড়াও মুক্তিযোদ্ধা, ওয়ার্ড, নৃ-গোষ্ঠী (উপজাতি), অ-উপজাতি, বিকেএসপি, অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী, পেশাদার খেলোয়াড় ও দলিত জনগোষ্ঠী কোটায় ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে। সাধারণ আসনে ছাত্র/ছাত্রী ভর্তির যে যোগ্যতা নির্ধারিত আছে, প্রতিবন্ধী কোটা ব্যতিত অন্যান্য সকল কোটায় ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের একই যোগ্যতা থাকতে হবে। এছাড়াও ভর্তি নির্দেশিকায় উল্লিখিত যে কোটার জন্য যে শর্ত আরোপ করা হয়েছে, তাদের তাও অবশ্যই পূরণ করতে হবে। কোটা সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটে (http://admission.cu.ac.bd) পাওয়া যাবে। ভর্তি নির্দেশিকায় উল্লিখিত যোগ্যতা সম্পন্ন ছাত্র/ছাত্রীরা সকল অনুষদের অন্তর্গত বিভাগ/ইনস্টিটিউটে মুক্তিযোদ্ধা, নৃ-গোষ্ঠী (উপজাতি), অ-উপজাতি, ওয়ার্ড, বিকেএসপি এবং দলিত জনগোষ্ঠী কোটায় ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে কলা ও মানববিদ্যা অনুষদ, সমাজ বিজ্ঞান অনুষদ, জীববিজ্ঞান অনুষদ এবং মেরিন সায়েন্স অ্যান্ড ফিশারিজ অনুষদভুক্ত বিভাগ/ইনস্টিটিউটে ভর্তির জন্য অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠি কোটায় ভর্তির জন্য আবেদন করা যাবে। বিজ্ঞান অনুষদের অন্তর্গত গণিত/পরিসংখ্যান বিভাগে এবং কলা ও মানববিদ্যা অনুষদ, ব্যবসায় প্রশাসন অনুষদ, সমাজ বিজ্ঞান অনুষদ ও আইন অনুষদের অন্তর্গত বিভাগে শারীরিক প্রতিবন্ধী কোটায় ভর্তির জন্য আবেদন করা যাবে। শিক্ষা অনুষদের অন্তর্গত ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগে পেশাদার খেলোয়াড় কোটায় ভর্তির জন্য আবেদন করা যাবে।

**৫। ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার সময়সূচিঃ**

| ইউনিট/উপ-ইউনিট | তারিখ | বার |
|---|---|---|
| B ইউনিট | ২৭ অক্টোবর ২০১৮ | শনিবার |
| D ইউনিট | ২৮ অক্টোবর ২০১৮ | রবিবার |
| A ইউনিট | ২৯ অক্টোবর ২০১৮ | সোমবার |
| C ইউনিট | ৩০ অক্টোবর ২০১৮ | মঙ্গলবার |
| B1 উপ-ইউনিট | ৩১ অক্টোবর ২০১৮ | বুধবার (সকাল ১০:০০ টায়) |
| D1 উপ-ইউনিট | ৩১ অক্টোবর ২০১৮ | বুধবার (দুপুর ২:৩০ টায়) |

এক ঘন্টা ব্যাপী একশত নম্বরের ভর্তি পরীক্ষা MCQ পদ্ধতিতে নেয়া হবে। তবে নাট্যকলা বিভাগ, চারুকলা ইনস্টিটিউট, সংগীত এবং ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগের ভর্তি পরীক্ষা MCQ এবং ব্যবহারিক উভয় পদ্ধতির সমন্বয়ে নেয়া হবে।

ভর্তি পরীক্ষায় মোট প্রাপ্ত নম্বর থেকে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে। ১০০ (একশত) নম্বরের ভর্তি পরীক্ষায় সাধারণ আসনে ৪০ ও তদূর্ধ নম্বর প্রাপ্তদের এবং কোটার আসনে ৩৫ ও তদূর্ধ নম্বর প্রাপ্তদের তালিকা তৈরী করে প্রাপ্ত নম্বরের সাথে মাধ্যমিকের (৪র্থ বিষয়সহ) মোট জিপিএ'র ৪০% ও উচ্চ মাধ্যমিকের (৪র্থ বিষয়সহ) মোট জিপিএ'র ৬০% যোগ করে সর্বমোট ১২০ (একশত বিশ) নম্বরে ফলাফল চূড়ান্ত করে উত্তীর্ণ তালিকা মেধাক্রমানুসারে প্রস্তুত করে ফলাফল প্রকাশ করা হবে। তবে **B1 উপ-ইউনিটের** ক্ষেত্রে উপরোক্ত একই নিয়মে ১২০ (একশত বিশ) নম্বরের সাথে ব্যবহারিক পরীক্ষার ২০ নম্বরসহ

সর্বমোট ১৪০ (একশত চল্লিশ) নম্বরে ফলাফল চূড়ান্ত করে উত্তীর্ণ তালিকা মেধাক্রমানুসারে প্রস্তুত করা হবে। **D1** উপ-ইউনিটের ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় (MCQ) মোট প্রাপ্ত নম্বর থেকে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে। ১০০ (একশত) নম্বরের ভর্তি পরীক্ষায় সাধারণ এবং কোটার আসনে ৩৫ ও তদুর্ধ নম্বর প্রাপ্তদের তালিকা তৈরী করে প্রাপ্ত নম্বরের সাথে মাধ্যমিকের (৪র্থ বিষয়সহ) মোট জিপিএ'র ৪০% ও উচ্চ মাধ্যমিকের (৪র্থ বিষয়সহ) মোট জিপিএ'র ৬০% যোগ করে মোট ১২০ (একশত বিশ) নম্বরের সাথে ব্যবহারিক পরীক্ষার ৩০ নম্বরসহ সর্বমোট ১৫০ (একশত পঞ্চাশ) নম্বরে ফলাফল চূড়ান্ত করে উত্তীর্ণ তালিকা মেধাক্রমানুসারে প্রস্তুত করা হবে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে সকল ইউনিট/উপ-ইউনিটের ভর্তি প্রার্থীরা পরীক্ষা কেন্দ্রে FX-100 বা এর নিচে সাধারণ মানের (মেমরী অপশন ব্যতিত) ক্যালকুলেটর ব্যবহার করতে পারবেন। পরীক্ষার হলে প্রার্থীর মোবাইল ফোন, Calculator with Memory Option, Electronic Device সম্বলিত ঘড়ি ও কলম বা যে কোন ধরনের Device সঙ্গে রাখা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। পরীক্ষার হলে কোন প্রার্থীর কাছে এরূপ যে কোন প্রকার ডিভাইস পাওয়া গেলে, প্রার্থী ব্যবহার করুক বা না করুক প্রার্থীকে বহিস্কার করা হবে।

ভর্তি বিজ্ঞপ্তি ও ভর্তি নির্দেশিকাসহ বিস্তারিত তথ্যাদি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটে (http://admission.cu.ac.bd) পাওয়া যাবে। ওয়েবসাইটে প্রচারিত ভর্তি নির্দেশিকায় উল্লেখ নেই ভর্তি সংক্রান্ত এমন কোন তথ্য জানতে হলে ভর্তি নির্দেশিকায় উল্লিখিত সংশ্লিষ্ট ইউনিট কার্যালয়/হেল্প ডেস্ক/হটলাইন এর নির্দিষ্ট ফোন নম্বরে যোগাযোগ করতে হবে।

## ৬. ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার অনলাইনে আবেদন প্রক্রিয়া :

| | |
|---|---|
| i. | আবেদনকারীকে ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল কার্যাবলী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইট http://admission.cu.ac.bd এর মাধ্যমে করতে হবে। এ ওয়েবসাইটে **আবেদনকারী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সকল ইউনিট/উপ-ইউনিট এর ভর্তি সংক্রান্ত নির্দেশিকা, নোটিশ এবং লিঙ্কসমূহ** দেখতে পাবেন। যে কোন ইউনিট/উপ-ইউনিটে আবেদন করার পূর্বে ভর্তি সংক্রান্ত নির্দেশিকা ভালো করে পড়ে নিন। এছাড়াও অনলাইনে প্রতি পেইজের নির্দেশাবলি পড়ে নিন। |
| ii. | ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখ সকাল ১১:০০টা থেকে ০৬ অক্টোবর ২০১৮ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। আবেদন ফি ০৭ অক্টোবর ২০১৮ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত জমা দেয়া যাবে। |
| iii. | যে কোন ইউনিট/উপ-ইউনিটে ভর্তির আবেদন করার জন্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটের http://admission.cu.ac.bd লিঙ্কে গিয়ে 'Apply Now' বাটনে ক্লিক করতে হবে। |
| iv. | 'Apply Now' বাটনে ক্লিক করার পর আবেদনকারীর উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, পাসের সন ও বোর্ডের নাম এবং মাধ্যমিক বা সমমান পরীক্ষার রোল নম্বর, পাসের সন ও বোর্ডের নাম প্রদান করার ফর্ম দেখতে পাবেন। তথ্য গুলো সঠিক ভাবে পুরণ করে 'Submit' বাটনে ক্লিক করতে হবে। |
| v. | আবেদনকারীর তথ্যসমূহ সঠিক হলে পরবর্তী পেইজে আবেদনকারীর ব্যক্তিগত মোবাইল নম্বর চাওয়া হবে। মোবাইল নম্বর সঠিক ভাবে প্রদান করে 'Submit' করলে আবেদনকারীর মোবাইলে একটি "Confirmation Code" পাঠানো হবে। |
| vi. | এই ধাপে Confirmation Code টি চাওয়া হবে এবং সঠিকভাবে তা প্রদান করলেই কেবলমাত্র আবেদনের মূল পেইজে যেতে পারবে। |
| vii. | Confirmation Code প্রদান করে 'Submit' করার পর Confirmation Code টি সঠিক হলে আবেদনকারীর একটি প্রোফাইল তৈরি হবে এবং সেখানে আবেদনকারীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার তথ্যাবলি প্রদর্শিত হবে। আবেদনকারীর যদি কোন কোটা থাকে এবং তিনি সেটা আবেদনে যুক্ত করতে চান তাহলে তার প্রোফাইলে কোটা যুক্ত করার অপশন থেকে তার কাঙ্ক্ষিত এক বা একাধিক কোটা যুক্ত করতে পারবেন। |

| | |
|---|---|
| viii. | আবেদনকারীকে তার প্রোফাইলের নির্দিষ্ট অংশে গিয়ে সঠিক মাপের একটি পরিষ্কার ফরমাল ছবি আপলোড করতে হবে। ছবি অবশ্যই নির্দিষ্ট মাপের হতে হবে এবং আবেদনকারীর চেহারা অনাবৃত থাকতে হবে। ছবি আপলোডের সময় দেখানো নির্দেশিকা ভালো করে পড়ে তা যথাযথ অনুসরণ করতে হবে। ছবি আপলোড ব্যতিত আবেদনের অন্যান্য ধাপ সম্পন্ন করা যাবে না। ছবি আপলোড করার পর তা পরিবর্তনযোগ্য নহে। পরিবর্তনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট কাগজপত্রসহ হেল্প ডেস্কে যোগাযোগ করতে হবে। |
| ix. | আবেদনকারী তার প্রোফাইল এ Units/Sub-Units অপশনে ক্লিক করে তিনি কোন কোন ইউনিট/উপ-ইউনিটে আবেদনের যোগ্য তার একটি তালিকা দেখতে পাবেন। উক্ত তালিকায় স্ব স্ব ইউনিট/উপ-ইউনিটের আবেদনের যোগ্যতা দেখতে পাওয়া যাবে। কিন্তু ছবি আপলোড সম্পন্ন না হলে আবেদনকারী কোন ইউনিট/উপ-ইউনিটে আবেদন করতে পারবে না। |
| x. | আবেদনকারী যে ইউনিট/উপ-ইউনিটে আবেদন করতে ইচ্ছুক সেই ইউনিট/উপ-ইউনিটের "Apply" বাটনে ক্লিক করলে একটি Private Key পাবেন। উক্ত Private Key টি ব্যবহার করে মোবাইল ব্যাংকিং 'বিকাশ অথবা রকেট' এর মাধ্যমে আবেদনকারীকে ঐ ইউনিট/উপ-ইউনিটের জন্য আবেদন ফি জমা দিতে হবে। 'বিকাশ এবং রকেট' এর মাধ্যমে আবেদন ফি পরিশোধ করার নিয়মাবলী নিচে দেয়া হলঃ<br>**'বিকাশ' এর মাধ্যমে মোবাইল হতে আবেদন ফি পরিশোধ করার নিয়মঃ**<br>১। প্রথমে *247# dial করতে হবে<br>২। Pay Bill নির্বাচন করুন (অপশন ৫)<br>৩। Other অপশন বাছাই করুন (অপশন ২)<br>৪। Pay Bill নির্বাচন করুন (অপশন ২)<br>৫। Biller ID তে 01751856688 দিন<br>৬। Input Bill A/C নম্বর নির্বাচন করুন (অপশন ১)<br>৭। আপনার Private key টি দিন<br>৮। Bill month হিসেবে 092018 দিন<br>৯। Amount এ 550 টাকা দিন<br>১০। আপনার পিন নম্বর দিয়ে পেমেন্ট সম্পন্ন করুন<br>**'রকেট' এর মাধ্যমে মোবাইল হতে আবেদন ফি পরিশোধ করার নিয়মঃ**<br>১। *322# dial করুন<br>২। Payment নির্বাচন করুন (অপশন ১)<br>৩। Bill Pay নির্বাচন করুন (অপশন ১)<br>৪। Self বা Other নির্বাচন করুন ( অপশন ১ অথবা ২)<br>[Other এর ক্ষেত্রে যার জন্য পরিশোধ করছেন তার নম্বর দিন]<br>৫। Biller ID তে 2200 দিন<br>৬। Bill Number হিসেবে আপনার Private Key দিন<br>৭। Amount এ 550 টাকা দিন<br>৮। আপনার পিন কোড দিয়ে পেমেন্ট সম্পন্ন করুন |

| | |
|---|---|
| | নির্দিষ্ট অঙ্কের আবেদন ফি সঠিকভাবে জমা হলে আবেদনকারীর দেয়া মোবাইল নম্বরে তা বিশ্ববিদ্যালয় প্রদত্ত নম্বর হতে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে এবং আবেদনকারীর প্রোফাইলের সংশ্লিষ্ট ইউনিট/উপ-ইউনিটের ঘরে Payment কলামে সবুজ কালিতে Successful লেখা দেখা যাবে এবং সেই ইউনিটের টাকা জমার রসিদ (পেমেন্ট স্লিপ) ডাউনলোডের লিঙ্ক পাওয়া যাবে।<br>এছাড়া পরবর্তীতে এই পেইজ থেকে আবেদনকারী তার আবেদনকৃত সকল ইউনিট/উপ-ইউনিটের ভর্তি পরীক্ষার আসন বিন্যাস জানতে পারবেন।<br>[বিঃ দ্রঃ আবেদন ফি জমাদান শেষে 'বিকাশ/রকেট' হতে প্রাপ্ত ট্রানজেকশন আইডি (TrxID) টি এবং সিস্টেম হতে প্রাপ্ত Private Key টি সংরক্ষণ করুন।] |
| xi. | আবেদন ফি সঠিকভাবে জমা দেয়া না হলে আবেদনকারী সংশ্লিষ্ট ইউনিট/উপ-ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। আবেদনকারী পরীক্ষার্থীরা ১৫ অক্টোবর ২০১৮ তারিখ থেকে ভর্তি পরীক্ষা শুরু হবার ১ (এক) ঘন্টা পূর্ব পর্যন্ত সংশ্লিষ্ট ইউনিট/উপ-ইউনিটের প্রবেশপত্র ডাউনলোড ও সংগ্রহ করতে পারবেন। |
| xii. | প্রবেশপত্রে ভর্তি পরীক্ষার Roll No. ও Applicant No. থাকবে। প্রবেশপত্রের নির্দেশাবলীতে উল্লিখিত কাগজপত্র নিয়ে আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। |
| xiii. | GCE (O Level & A Level) অথবা সমমানের বিদেশী সার্টিফিকেটধারী আবেদনকারীকে Equivalence করার জন্য ইঞ্জিনিয়ারিং অনুষদ অফিসে তার গ্রেডশীট/মার্কশীটসমূহের ফটোকপিসহ আবেদন করতে হবে এবং রেজিস্ট্রার, চ.বি. এর অনুকূলে অগ্রণী ব্যাংক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা থেকে সংগৃহীত ১০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার সমতা নিরূপন ফি হিসেবে প্রদান করতে হবে। সমতা নিরূপনের পর আবেদনকারীকে একটি সমতা নিরূপন সনদপত্র প্রদান করা হবে এবং উক্ত সনদপত্রে Equivalent ID উল্লেখ থাকবে। |
| xiv. | GCE (O Level & A Level) ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং বিদেশী সার্টিফিকেটধারীদের সমতা নির্ধারণ কমিটি কর্তৃক প্রদত্ত Equivalent ID মাধ্যমিক/ উচ্চমাধ্যমিক রোল নম্বরের স্থানে ব্যবহার করে যথাযথ নিয়মে টাকা জমার রসিদ সংগ্রহ করতে হবে। |
| xv. | আবেদনপত্র সংশোধনের (প্রযোজ্য ক্ষেত্রে) সময়সীমা ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখ থেকে ১১ অক্টোবর ২০১৮ তারিখ পর্যন্ত। আবেদনপত্রে যে কোন প্রকার সংশোধনী এবং ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোন ডকুমেন্টের ডুপ্লিকেট কপি নেয়ার জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতিটি সার্ভিস এর জন্য রেজিস্ট্রার, চ.বি. এর অনুকূলে অগ্রণী ব্যাংক এর যে কোন শাখা থেকে ইস্যুকৃত ৩০০ (তিনশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দিতে হবে। |
| xvi. | জাতীয় শিক্ষা কার্যক্রমের অধীনে যারা ইংরেজি মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পাশ করেছে, তাদের মধ্যে যে সকল ছাত্র/ছাত্রী ভর্তি পরীক্ষা ইংরেজি মাধ্যমে দিতে আগ্রহী তাদেরকে প্রবেশপত্র সংগ্রহপূর্বক প্রবেশপত্রের ফটোকপিসহ ২০ অক্টোবর ২০১৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ইউনিট অফিসে আবেদন করতে হবে।<br>GCE O/A লেভেলের শিক্ষার্থী ও ইংরেজি মাধ্যমে ভর্তি পরীক্ষা দিতে ইচ্ছুক শিক্ষার্থীদেরকে ভর্তি পরীক্ষার ৪৮ ঘন্টা পূর্বে প্রবেশপত্রসহ সংশ্লিষ্ট ইউনিট অফিসে যোগাযোগ করে সিট প্ল্যান নিজ দায়িত্বে জেনে নিতে হবে। |
| xvii. | ভর্তি পরীক্ষার সময় ভর্তিচ্ছু প্রার্থীর দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড, A লেভেলের Statement of Entry এর মূলকপি এবং ডাউনলোডকৃত দুই কপি প্রবেশপত্র পরীক্ষার হলে অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে। |
| xviii. | ভর্তি সংক্রান্ত যে কোন নিয়ম-নীতি পরিবর্তন, সংশোধন, সংযোজন ও বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে। |

| | |
|---|---|
| ৭। | **হেল্প ডেস্কঃ** (সকাল ৯:০০ টা থেকে সন্ধ্যা ৬:০০ টা পর্যন্ত)<br>আইসিটি সেল, আই.টি ভবন (কক্ষ নং-২০১), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।<br>ফোনঃ PABX : ২৬০৬০০১-১০, ২৬০৬০১৫-২৭, Ext: ৪২৫৯<br>E-mail: admission@cu.ac.bd<br>মোবাইল নম্বরঃ 01555555140, 01555555141<br>**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় হটলাইন: (সকাল ৯:০০ টা থেকে বিকেল ৫:০০ টা পর্যন্ত)**<br>**একাডেমিক শাখা, রেজিস্ট্রার দপ্তর, চ.বি.: 01555555157, 01555555158, 01556570088**<br>**টেকনিক্যাল সাপোর্ট (আইসিটি সেল) : 01556570077**<br>**E-mail: admission@cu.ac.bd** |
| **বিস্তারিত তথ্যাদি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে (http://admission.cu.ac.bd) পাওয়া যাবে।** | |

৯-৯-১৮

(এস. এম. আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার অফিস
ও সচিব, ভর্তি কমিটি
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

৯-৯-১৮

/ছদর/